গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
শাহরাস্তি, চাঁদপুর।

১। ভালনারেবল উইমেন বেনেফিট (ভি-ডব্লিউ-বি) ঃ- এই কার্যক্রমের আওতায় সদর কার্যালয় হতে ২০২৫/২০২৬ চক্রের জানুয়ারি/২৬ হতে ডিসেম্বর/২৭ পর্যন্ত মাসের ১৬০১ জন উপকার ভোগী নির্বাচন ও অনুমোদিত । প্রতিমাসে প্রত্যেক উপকাভোগী ৩০ কেজি চাল খাদ্য সহায়তা পেয়ে থাকেন।

২। মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ–শাহরাস্তি উপজেলা ১০টি ইউনিয়নে প্রতি মাসে প্রতি ইউনিয়নে ১০ জন করে এবং ১ টি পৌরসভায় প্রতি মাসে প্রতি ওয়ার্ডে ৭ জন করে উপকারভোগী নির্বাচন ও অনুমোদন করা হয়। উপকাভোগীগন নিজস্ব হিসাব নম্বরে ৮৫০/- করে প্রতি মাসে ভাতা পেয়ে থাকেন।

৩। মহিলা প্রশিক্ষণ কেন্দ্র ঃ- এই প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে মহিলাদের মহিলাদের দক্ষ এবং উদ্যোগক্তা তৈরীতে সহায়তা করে । শাহরাস্তি উপজেলায় প্রতি ৩ মাস অন্তর অন্তর ৩০ জন প্রশিক্ষনার্থী ভর্তি করা হয়। প্রতি ব্যাচে ৩ মাস করে প্রশিক্ষন পেয়ে থাকে।

৪। কিশোর কিশোরী ক্লাবঃ- শাহরাস্তি উজেলায় মোট ১১ টি ক্লাব আছে।প্রতিটি ক্লাবে ১০ জন ছেলে ও ২০ জন মেয়ে মোট ৩০ জন সদস্য আছে।

৫। মহিলাদের আত্বকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋন কার্যক্রম ঃ- শাহরাস্তি উপজেলায় মহিলাদের আত্বকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋন কার্যক্রমের ৫১৫ জনের মাঝে ঘূর্নায়মান ঋন হিসাবে ৫৬৩০০০০/- টাকা বিতরন করা হয়েছে।

৬। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিঃ- শাহরাস্তি উপজেলায় মোট ১৭ টি রেজিস্ট্রেশনকৃত সমিতি আছে। সক্রিয় সমিতি আছে ৮ টি ও নিষ্ক্রিয় ৯ টি সমিতি। সমিতি গুলোতে আয়বর্ধক কর্মসূচি পরিচালনায় সহায়তার জন্য কার্যক্রমের ধরন ও যোগ্যতা অনুসারে প্রতি বছর অনুদান বিতরন করা হয়।

৭। নারী শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধঃ- মহিলা ও শিশুদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে একটি কমিটি রয়েছে। কমিটির সিদ্ধান্ত মোতাবেক পদক্ষেপ গ্রহনে সিদ্ধান্ত প্রদান করা হয়।

৮। সচেতনতা মূলক ও জেন্ডার সমতামূলক কার্যক্রমঃ- যৌতুক, নারী নির্যাতন, বাল্য বিবাহ ইভটিজিং প্রতিরোধে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রতি মাসে উঠান বৈঠক করেন। এ ছাড়া ও বিভিন্ন দিবস উদযাপন করা হয়।
৯। অদম্য নারী পুরস্কার ঃ- প্রতি বছর ৫ ক্যাটাগরির পাঁচ জন উপজেলার শ্রেষ্ঠ নারীকে সম্মাননা প্রদান করা হয়।

এ ছাড়া আইন ও বিধি, সিটিজেন সার্টার আপলোড দিতে হবে।